দৈনিক ইত্তেফাক

তারিখ 13 AUG 1993
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

# স্কুলগুলিতে এখনও নম্বরপত্র পৌঁছায় নাই

ইত্তেফাক রিপোর্ট ।। এস,এস,সি পরীক্ষার ফল প্রকাশ হইলেও স্কুলগুলিতে অদ্যাবধি নম্বরপত্র পৌঁছায় নাই। ঢাকা বোর্ড প্রতিটি স্কুলে টেবুলেশন শীট প্রেরণ করিয়াছে।

(১১শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## স্কুলগুলিতে এখনও

(১ম পৃঃ পর)

বলা হইয়াছেন টেবুলেশন শীটে লিপিবদ্ধ নম্বরে বা ফলাফলের কোনরূপ অসংগতি বা ত্রুটি বিচ্যুতি পরিলক্ষিত হইলে তাহা লিখিত ভাবে পরীক্ষা নিয়ন্ত্রকের দফতরে গোচরীভূত করিতে হইবে। টেবুলেশ শীটে লিপিবদ্ধ নম্বরের ভিত্তিতে কোন ছাত্র-ছাত্রীকে প্রশংসাপত্র ইস্যু করা যাইবে না।

এদিকে স্কুলগুলিতে নম্বরপত্র না পৌছার কারণে প্রায় প্রতিটি স্কুলের শিক্ষকগণ অভিভাবকবৃন্দের নানা প্রশ্নের সম্মুখীন হইতেছেন। অভিভাবকদের মন্তব্য বিভিন্ন কলেজে ইতিমধ্যে ভর্তির বিজ্ঞপ্তি প্রচার করিয়াছে। বোর্ড হইতে নম্বরপত্র না আসায় ছেলে-মেয়েদের উৎকন্ঠা কমিতেছে না। নগরীতে শুধু নটরডেম কলেজ ও লালমাটিয়া কলেজ ভর্তির ফরম বিক্রয় শুরু করিয়াছে। নটরডেম কলেজ নম্বরপত্র চায় নাই। ভর্তির জন্য যোগ্য বিবেচিত হওয়ার পর প্রার্থীকে নম্বরপত্র জমা দিতে হইবে। বোর্ডের একজন কর্মকর্তা জানান, এক সপ্তাহের মধ্যে প্রতিটি স্কুলে নম্বরপত্র পৌছানোর চেষ্টা করা হইতেছে।